# যৌথ উদ্দ্যোগে কাজকর্ম



# সমবায়ের নীতিসমূহ


নিজের ইচ্ছায় সদস্যপদ
সদস্যদের গণতান্ত্রিক নিয়ন্ত্রণ
সদস্যদের আর্থিক অংশগ্রহণ
স্বাধীন পরিচালনা
শিক্ষণ, প্রশিক্ষণ এবং তথ্য সরবরাহের
সমবায়ের মাধ্যমে সহযোগীতা
জনগোষ্ঠীর প্রতি দায়িত্বশীলতা

Spade
Innovative ways of learning

# উৎপাদকগোষ্ঠীর পরিচালনায় সুশাসনের নীতিসমূহ

**সামগ্রিক উদ্দেশ্যের ওপর মনঃসংযোগ**

- দীর্ঘকালীন লক্ষ্য এবং কৌশল
- সদস্যদের স্বার্থ
- উৎপাদক গোষ্ঠীর আর্থিক সম্ভাব্যতা ও সুস্থায়িত্ব

**সাধারণ সভা ও পরিচালন সমিতির**

- নিয়মিত
- অংশগ্রহণমূলক
- সিদ্ধান্তের মান্যতা

**সিদ্ধান্ত গ্রহণ**

- সঠিক সময়ে
- সিদ্ধান্ত নেওয়ায় অংশগ্রহণ
- আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ

**পরিচালন ব্যবস্থা ও নীতি**

- সঠিক পদ্ধতি ও নীতি তৈরী আছে

**সঠিক সময়ে প্রতিবেদন**

- স্বচ্ছতা
- দায়িত্বশীলতা

**নিরীক্ষা**

- নির্দিষ্ট সময় অন্তর
- অডিটরের সুপারিশ বাস্তবায়ন

**প্রচলিত আইনের সম্মতি ক্রমে**

- সব কাজ সঠিক সময়ে
- নিবন্ধনের ও অন্যান্য আইনের সব ধারা গুলি মান্য করে
- প্রয়োজনীয় সমস্ত ধরণের লাইসেন্স বা অনুমতিপত্র সংগ্রহ করে

# উৎপাদক গোষ্ঠীর পরিচালন সমিতির ভূমিকা

## পরিচালনা সংক্রান্ত

- সদস্যপদে নথিভূক্তকরণ বা খারিজ করা
- পদাধিকারীদের নির্বাচন এবং প্রয়োজনে অপসারণ
- পরিকল্পনা ও নীতি তৈরী করা
- কার্যকরী সমিতি ও উপসমিতি গুলি গঠন করা
- কর্মী নিয়োগ এবং তাদের কাজকর্মের মূল্যায়ন করা
- নিয়মিত কাজকর্মের মূল্যায়ন করা
- প্রয়োজনীয় অন্যান্য সংগঠনের সঙ্গে যুক্ত হওয়া

## আর্থিক ব্যবস্থাপণা সংক্রান্ত

- প্রয়োজনীয় মূলধন সংগ্রহ করা
- মূলধনের সঠিক ব্যবহার সুনিশ্চিত করা
- মূলধন ও সম্পত্তির নিরাপত্তা নিশ্চিত করা
- ব্যাঙ্ক অ্যাকাউন্ট পরিচালনা করা
- হিসাবের খাতাপত্র সঠিক ভাবে রক্ষণাবেক্ষণ করা
- সঠিক ভাবে উদ্বৃত্ত বন্টন করা
- ঘাটতি বা লোকসানের সঠিক ব্যবস্থাপণা নিশ্চিত করা

## বিধিবদ্ধ নিয়ম সংক্রান্ত

- নির্ধারিত সময়ে সমিতির নির্বাচন করা
- হিসাবপত্রের নিরীক্ষা করানো
- বাৎসরিক হিসাব পেশ করা
- উপবিধির প্রয়োজনীয় পরিবর্তন করা
- নিয়মিত সাধারণ সভা ও পরিচালন সমিতির সভা করা

স্বনির্ভর

গণতন্ত্র

নিজ দায়িত্বে

## সমবায়ের মূল্যবোধ

সাম্য

ন্যায়

ঐক্য

ব্যবসা প্রতিষ্ঠান

উৎপাদনের আগে, উৎপাদন চলাকালীন এবং উৎপাদন হওয়ার পরে সব ধরণের প্রয়োজনীয় পরিষেবা গুলির যোগান দেওয়া।

স্বাধীন এবং স্বশাসিত প্রতিষ্ঠান গড়া

উৎপাদকদের নিজস্ব মালিকানায় প্রতিষ্ঠান তৈরী করা

বিধিবদ্ধ প্রতিষ্ঠান তৈরী

নিবন্ধিত বিধিবদ্ধ প্রতিষ্ঠান যার নিজস্ব কর্মী ও কর্ম পদ্ধতি আছে

# উৎপাদকগোষ্ঠীর মূল বৈশিষ্ট্য

মালিকানা সদস্যদের

উৎপাদকদের স্বার্থে, উৎপাদকদের নিয়ন্ত্রণে এবং উৎপাদকদের মালিকানায় গঠিত ও পরিচালিত

সদস্য উৎপাদকদের যোগান দেওয়া মূলধনে তৈরী

মালিকানা স্বত্ত্ব সদস্যদের

স্বশাসিত

সদস্যদের দ্বারা নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে গড়া পরিচালন সমিতির দ্বারা পরিচালিত

গণতান্ত্রিক পদ্ধতিতে নিয়ন্ত্রণ

প্রতিটি সদস্যের একটি ভোট

# পারস্পরিক সহায়তার নীতি

### ১. স্বেচ্ছায় সদস্যপদ গ্রহণ

সমস্ত ইচ্ছুক উৎপাদনকারী যারা সমিতির সদস্য হওয়ার উপযুক্ত এবং যারা সমিতির নিয়মনীতি মেনে নিতে প্রস্তুত- তাদের সকলকেই উৎপাদকগোষ্ঠীর সদস্য হিসাবে গ্রহণ করতে হবে।

### ২. সদস্যদের গণতান্ত্রিক নিয়ন্ত্রণ

উৎপাদকগোষ্ঠী গুলি সদস্যদের দ্বারা এবং গণতান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত হয়। সদস্যরা ভোট দানে এবং সিদ্ধান্ত গ্রহণে সক্রিয় ভাবে অংশগ্রহণ করে। শেয়ারের সংখ্যা যতই হোক না কেন প্রত্যেক সদস্যের কেবলমাত্র একটি করে ভোট দানের অধিকার থাকে।

### ৩. নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে গঠিত পরিচালন সমিতি

উৎপাদকগোষ্ঠী গুলি পরিচালিত হয় নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে গঠিত পরিচালন সমিতির দ্বারা এবং পরিচালন সমিতি তাদের কাজকর্ম এবং সিদ্ধান্তের জন্য সদস্যদের কাছে দায়বদ্ধ থাকেন।

### ৪. উদ্বৃত্ত থেকে লভ্যাংশ নির্ধারণ

উৎপাদকগোষ্ঠীর সারা বছরের আয়-ব্যয়ের ফলে যে উদ্বৃত্ত সৃষ্টি হয় - তা থেকে উৎপাদকগোষ্ঠীর ব্যবসায়িক কাজকর্মের পরিধি বাড়ানোর জন্যে এবং সদস্যদের যে সমস্ত পরিষেবা দেওয়া হয় তার মান উন্নত করার জন্য সঞ্চয় করা হয়। উদ্বৃত্ত থেকে এই সঞ্চয়ের পরিমাণ বাদ দিলে যা অবশিষ্ট থাকে সেই অর্থকেই লভ্যংশ হিসাবে গণ্য করা হয়।

### ৫. লভ্যাংশ বন্টন

উৎপাদকগোষ্ঠীর সদস্যরা তাদের ক্রয় করা শেয়ারের সংখ্যার অনুপাতে লভ্যংশ পাবে। লভ্যংশের সর্বোচ্চ হার সমিতির নিয়মাবলীতে উল্লেখ করা থাকে।

### ৬. শিক্ষণ, প্রশিক্ষণ এবং তথ্য সরবরাহ

সমবায় সমিতি হিসাবে গড়া উৎপাদকগোষ্ঠী গুলিতে সদস্য ও কর্মীদের সমবায়ের নীতি ও পারস্পরিক সহায়তার মাধ্যমে কাজকর্ম করার পদ্ধতি সম্পর্কে শিক্ষা দেওয়া হয়।

### ৭. সমবায়ের মাধ্যমে সহযোগীতা.

উৎপাদকগোষ্ঠী গুলি স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক স্তরের যে সব প্রতিষ্ঠান গুলি একই ধরণের কাজের সঙ্গে যুক্ত - তাদের সঙ্গে সম্পর্ক গড়ে তুলবে যাতে উৎপাদক এবং কর্মীদের প্রয়োজনীয় পরিষেবা গুলো আরও ভালো ভাবে দেওয়া যায়।

# প্রধান পরিচালকের (CEO) ভূমিকা

Spade
Innovative ways of learning

উৎপাদকগোষ্ঠীর পরিচালন সমিতির সদস্যদের কাছে দায়িত্বশীল এবং দায়বদ্ধ থাকা

- ❖ পরিচালন সমিতিতে লক্ষ্য, কৌশল, পরিকল্পনা এবং নীতি নির্ধারণে সহায়তা করা।
- ❖ পরিচালন সমিতির সুপারিশ অনুসারে বিভিন্ন আইনসম্মত বিধি ব্যবস্থা গুলি সুনিশ্চত করা যেমন- পরিচালন সমিতির ও সাধারণ সমিতির সভা আয়োজন করা, নিয়মিত হিসাবরক্ষণ ও নির্ধারিত সময়ে হিসাবপত্র নিরীক্ষা করানোর ব্যবস্থা করা, বিভিন্ন দপ্তরে বাৎসরিক প্রতিবেদন পেশ করা ইত্যাদি।
- ❖ বিভিন্ন সাহায্যকারী সংস্থা এবং পরিচালন সমিতির প্রয়োজনীয় সমস্ত ধরণের প্রতিবেদন তৈরী করার ব্যবসথা করা।
- ❖ উৎপাদকগোষ্ঠীর প্রতিদিনের কাজকর্ম পরিচালনা করা।

পরিচালন সমিতির নির্দেশে উৎপাদকগোষ্ঠীর সদস্যাদের বিভিন্ন ধরণের পরিষেবা গুলি যথাযথ ভাবে দেওয়ার ব্যবস্থা করা

- ❖ উৎপাদকগোষ্ঠীর সদস্যদের উন্নতির জন্য ব্যবসা করার উপযুক্ত সুযোগের সন্ধান করা, ব্যবসার পরিকল্পনা তৈরী করা, পরিকল্পনার বাস্তবায়ন করা।
- ❖ পরিচালন সমিতির নির্দেশে উৎপাদকগোষ্ঠীর সদস্যাদের প্রয়োজনীয় পরিষেবা গুলি দেওয়ার ব্যবস্থা করা
- ❖ সদস্যদের জন্য বিভিন্ন ধরণের তথ্য সরবরাহ, শিক্ষণ এবং প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- ❖ উৎপাদকগোষ্ঠীর জন্যে প্রয়োজনীয় কারিগরী ও আর্থিক সম্পদ সংগ্রহের ব্যবস্থা করা।
- ❖ সদস্যদের জন্য প্রয়োজনীয় বিভিন্ন ধরণের পরিকাঠামো তৈরী ও ব্যবহারের ব্যবস্থা করা।

সাংগঠনিক পদ্ধতি এবং বৈধতা

- ❖ নিয়মিত হিসাবরক্ষণ, বাৎসরিক হিসাব তৈরী ও নিরীক্ষা করানো, পরিচালন সমিতির সভায় এবং উৎপাদকগোষ্ঠীর বাৎসরিক সাধারণ সভায় নিরীক্ষা করা বাৎসরিক হিসাব পেশ করা।
- ❖ পরিচালন সমিতির নির্দেশানুসারে কর্মী নিয়োগ করা এবং তাদের কাজকর্মের তদারকি করা।
- ❖ উৎপাদকগোষ্ঠীকে সঠিকভাবে পরিচালিত করতে বিভিন্ন ধরণের পদ্ধতির প্রচলন করা। যেমন- হিসাবরক্ষণ, তদারকি এবং প্রতিবেদন তৈরী, উৎপাদন, বিপণণ, মানব সম্পদ পরিচালনা ইত্যাদি।
- ❖ বিভিন্ন সরকারী দপ্তর, অন্যান্য উৎপাদকগোষ্ঠী এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ গড়ে তোলা এবং তা বজায় রাখা।

# ব্যক্তিগতভাবে এবং সমষ্টিগত ভাবে কৃষকদের বর্তমান অবস্থা

## এককভাবে কাজকর্ম করার অসুবিধা





## দলগতভাবে কাজকর্ম করার সুবিধা



# আদর্শ উৎপাদকগোষ্ঠীর মূল বৈশিষ্ট্যগুলি



# উৎপাদক গোষ্ঠীর কাজের পদ্ধতি



# উৎপাদকগোষ্ঠী তদারকি সূচক

| # | সূচক | বর্ণনা | কত দিন বাদে |
|---|---|---|---|
| I | ব্যবসা সংক্রান্ত | | |
| ১ | নীট মুনাফা | সমস্ত খরচ খরচার, কর, সুদ ও অবচয় বাদে নীট মুনাফা | প্রতি তিন মাসে |
| ২ | মোট বিক্রয়ের পরিমাণ | উৎপাদকগোষ্ঠীর মোট পরিষেবা বিক্রির পরিমাণ (টাকায়) | প্রতি তিন মাসে |
| ৩ | সদস্য প্রতি বিক্রয়ের পরিমাণ | মোট বাৎসরিক বিক্রয়ের পরিমাণ  মোট সদস্য সংখ্যা | প্রতি তিন মাসে |
| ৪ | নিজস্ব তহবিল | মোট সঞ্চয়ের পরিমাণ | প্রতি তিন মাসে |
| ৫ | আর্থিক স্বাবলম্বনের হার | বিক্রয়ের পরিমাণ এতটাই যাতে সমস্ত খরচ খরচা বাদেও কিছু উদ্বৃত্ত থাকে | প্রতি তিন মাসে |
| ৬ | মোট সদস্য সংখ্যা | সদস্যদের কত শতাংশ কে পরিষেবা দেওয়া হয়েছে | প্রতি তিন মাসে |
| II | অংশগ্রহণ | | |
| ১ | পরিচালন সমিতির সদস্য সংখ্যা | পরিচালন সমিতির সভায় কত শতাংশ সদস্য সক্রিয়ভাবে অংশগ্রহণ করে | প্রতি তিন মাসে |
| ২ | পরিচালন সমিতির সভার সংখ্যা | সাধারণ সভায় কত শতাংশ সদস্য উপস্থিত থাকে | প্রতি বছরে |
| ৩ | সক্রিয় সদস্য সংখ্যা | সক্রিয় সদস্যের হার | প্রতি ছয় মাসে |
| III | আইনগত বৈধতা | | |
| ১ | পরিচালন সমিতির সভা | পরিচালন সমিতির নেওয়া সিদ্ধান্তের কত শতাংশ মান্যতা পেয়েছে | প্রতি তিন মাসে |
| ২ | সিদ্ধান্ত | কত শতাংশ মান্যতা পেয়েছে | |
| ৩ | বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত | বার্ষিক সাধারণ সভায় নেওয়া সিদ্ধান্তের কত শতাংশ মান্যতা পেয়েছে | প্রতি বছরে |
| ৪ | নিরীক্ষকের সুপারিশ | মোট সুপারিশের কত শতাংশ মান্যতা পেয়েছে | প্রতি বছরে |
| ৫ | আইনগত বৈধতা | নির্ধারিত সময়ের মধ্যে কতগুলি বিষয়ে আইনগত বৈধতার আবেদন জমা দেওয়া হয়েছে | প্রতি ছয় মাসে |
| ৬ | পরিচালন সমিতির সভা | পরিচালন সমিতির সভার মধ্যে কতগুলি সঠিক সময়ে হয়েছে | প্রতি বছরে |